

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৮৪৭

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই।

باب

আরবী

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ، أَخْبَرَنَا وَهْبُ بْنُ جَرِيرٍ، حَدَّثَنَا أَبِي قَالَ، سَمِعْتُ أَبَا فَزَارَةَ، يُحَدِّثُ عَنْ يَزِيدَ بْنِ الأَصَمِّ، عَنْ مَيْمُونَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم تَزَوَّجَهَا وَهُوَ حَلاَلٌ وَبَنَى بِهَا حَلاَلاً وَمَاتَتْ بِسَرِفَ وَدَفَنَّاهَا فِي الظُّلَّةِ الَّتِي بَنَى بِهَا فِيهَا . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ . وَرَوَى غَيْرُ وَاحِدٍ هَذَا الْحَدِيثَ عَنْ يَزِيدَ بْنِ الأَصَمِّ مُرْسَلاً أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم تَزَوَّجَ مَيْمُونَةَ وَهُو حَلاَلٌ .

বাংলা

৮৪৭. ইসহাক ইবনু মানসুর (রহঃ) মায়মুনা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে (উম্মাতুল মোমিনিন মায়মুনা (রাঃ) কে) যখন বিবাহ করেন তখন তিনি হালাল ছিলেন এবং তার সঙ্গে যখন বাসর হয় তখনও তিনি হালাল অবস্থায় ছিলেন। পরবর্তীকালে মায়মুনা (রাঃ) সারিফেই মারা যান এবং যে ঝুপড়িতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে তার বাসর হয় সেখানে তাকে দাফন করা হয়। - ইবনু মাজাহ ১৯৬৪, মুসলিম সংক্ষিপ্তভাবে, তিরমিজী হাদিস নম্বরঃ ৮৪৫ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি গারীব। একাধিক রাবী ইয়াযীদ ইবনু আসম থেকে মুরসালরূপে বর্ণনা করেছেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হালাল অবস্থায় মায়মুনা (রাঃ) কে বিবাহ করেন।

English

Yazid bin Al-Asamm narrated about Maimunah:

"The Messenger of Allah married he while he was Halal and he stayed with her while he was Halal. She died in Sarif, and we buried her at the (site of the) tent where he had stayed wit her."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মাইমূনাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন